কুষ্টিয়া সুগার মিলের কর্মকর্তাসহ তিনজনের বিরুদ্ধে মামলা

বিপুল পরিমাণ চিনি আত্মসাতের ঘটনায় কুষ্টিয়া সুগার মিলের এক কর্মকর্তাসহ তিনজনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

বৃহস্পতিবার (১২ আগস্ট) কুষ্টিয়া সদর থানায় মামলাটি দায়ের করা হয়।
কুষ্টিয়া সুগার মিলের কর্মকর্তাসহ তিনজনের বিরুদ্ধে মামলা

কুষ্টিয়া দুর্নীতি দমন কমিশন সমন্বিত কার্যালয়ের উপ সহকারী পরিচালক নীল কমল পাল মামলাটি করেন। এ মামলায় কুষ্টিয়া সুগার মিলের উপ-ব্যবস্থাপক (ভান্ডার) আল আমিন, গুদামরক্ষক ফরিদুল হক ও শ্রমিক সরদার বশির উদ্দিনকে আসামি করা হয়েছে।

জানা গেছে, গত মৌসুমে উৎপাদন বন্ধ থাকা কুষ্টিয়া সুগার মিলের গুদামে ১১০ টনের বেশি চিনি মজুত ছিল। গত ৫ আগস্ট মিলের কর্মকর্তারা স্টক রেজিস্টারের সঙ্গে মজুত চিনির পরিমাণ মেলাতে গিয়ে দেখতে পান সেখানে প্রায় ৫২ টন চিনি কম আছে। যার বাজার মূল্য ৩৩ লাখ ২০ হাজার ১০০ টাকা। বিষয়টি নিয়ে চারদিকে তোলপাড় শুরু হলে নড়েচড়ে বসে চিনিকল প্রশাসন। এঘটনায় গঠন করা হয় একাধিক তদন্ত কমিটি। তদন্তের নামে দুর্নীতি দমন কমিশন।
দীর্ঘ তদন্তের পর কুষ্টিয়া সুগার মিলের উপ-ব্যবস্থাপক (ভান্ডার) আল আমিন, গুদামরক্ষক ফরিদুল হক ও শ্রমিক সরদার বশির উদ্দিন এঘটনায় জড়িত থাকার প্রমাণ পায়।

পরে বৃহস্পতিবার এ ঘটনায় চিনি কর্মকর্তা নীল কমলসহ ৩ জনের বিরুদ্ধে মামলা করে দুর্নীতি দমন কমিশন (দুদক)। মামলার এজাহারে বলা হয়, ওই তিন কর্মকর্তা কর্মচারিরা পরস্পর যোগসাজসে চিনিকলের ৫২ মেট্রিকটন চিনি আত্মসাত করেন।

উল্লেখ্য, লোকসানসহ নানা কারণে দেশের রাষ্ট্রায়ত্ত ১৫টি চিনিকলের মধ্যে কুষ্টিয়াসহ ছয়টি চিনিকলের উৎপাদন বন্ধ করে দেয় সরকার। মিলের উৎপাদন কার্যক্রম বন্ধ হলেও গত তিন মৌসুমের

উৎপাদিত বিপুল পরিমাণ চিনি অবিক্রীত রয়ে যায়।

সূত্র জানিয়েছে, কুষ্টিয়া চিনিকলে অনিয়ম-দুর্নীতির ঘটনা এটিই নতুন নয়। দুর্নীতির দায়ে ২০২০ সালের ১৮ নভেম্বর কুষ্টিয়া চিনিকলের তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক গোলাম মুর্শেদ (এমডি) সুগারমিলের সিবিএ সভাপতি ফারুক হোসেন ও সাধারণ সম্পাদক আনিসুর রহমানকে একযোগে সাময়িক বরখাস্ত করা হয়।
গত ১৯ বছরে কুষ্টিয়া সুগারমিলে লোকসান হয়েছে ৪২০ কোটি টাকা। ফলে শ্রমিক-কর্মচারী ইউনিয়নের দৌরাত্ম্য, চরম দুর্নীতি, ব্যবস্থাপনায় ক্রুটি ও ক্রমাগত লোকসানে ২০২০-২১ অর্থবছর মিলে আখ মাড়াই ও চিনি উৎপাদন বন্ধ রয়েছে।

মুজিবনগরে করোনা প্রতিরোধে চেয়ারম্যান আয়ুব হোসেনের জনসচেতনামূলক প্রচারনা ও মাস্ক বিতরণ

“শোক থেকে শক্তি শোক থেকে জাগরণ”
মেহেরপুরের মুজিবনগরে স্বাধীনতার মহান স্হপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী উপলক্ষে মুজিবনগর উপজেলায় লকডাউন শিথিল এর মাঝে মানুষ যেন কোভিড-১৯ করোনা ভাইরাস প্রতিরোধে মাস্ক পরিধান করে এবং স্বাস্হবিধি মেনে চলে এই জন্য সাধারণ মানুষকে সচেতন করতে জনসচেতনামূলক কর্মসূচি ও মাস্ক বিতরণ করেছেন উপজেলার বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আয়ুব হোসেন।
বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে উপজেলার কেদারগঞ্জ বাজারে এই জনসচেতনামূলক কর্মসূচি ও সাধারণ মানুষের মাঝে ৬ শত মাস্ক বিতরণ করা হয়।
জনসচেতনামূলক কর্মসূচি ও মাস্ক বিতরণ অনুষ্ঠানে উপস্হিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের ওয়ার্ড সদস্য দিলিপ মল্লিক,ফৈরদোস হোসেন মেন্তা,শংকর বিশ্বাস সহ মহিলা সদস্য, গ্রাম পুলিশ সদস্য ও পরিষদের কর্মচারিবৃন্দ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কালীগঞ্জে বিএনপির বৃক্ষরোপন কর্মসূচি উদ্ভোধন

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনায় ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

এ সময় উপজেলার ১১ টি ইউনিয়ন ও পৌর এলাকার বিএনপির বিভিন্ন স্তরের নেতাকর্মীদের মাঝে প্রায় ১৫০০ টি ফলজ ও বনজ গাছের চারা বিতরণ করা হয়।

বৃহস্পতিবার সকালে শহরের থানা রোডস্থ দলীয় কার্যালয়ে উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহাবুবার রহমানের সভাপতিত্বে এ কর্মসূচির উদ্বোধন করেন কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ও ঝিনাইদহ-৪ আসনের একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি মনোনীত প্রার্থী সাইফুল ইসলাম ফিরোজ।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক ডা. নুরুল ইসলাম, যুগ্ম আহবায়ক আয়নাল হাসান, তবিবুর রহমান মিনি, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক নজরুল ইসলাম তোতা, উপজেলা বিএনপির যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম সাইদুল, ইউপি চেয়ারম্যান ইলিয়াস রহমান মিঠু, পৌর বিএনপির যুগ্ম আহবায়ক আনোয়ার হোসেন প্রমুখ।

মেহেরপুর ইউথ এ্যাসেম্বীলির উদ্যোগে অসহায় কে আর্থিক সহায়তা প্রদান

মেহেরপুর ওয়েভ ফাউন্ডেশন কতৃক পরিচালিত ইউথ এ্যাসেম্বীলির উদ্যোগে মেহেরপুর সদর উপজেলার চকশ্যাম নগর গ্রামের ডাবলু শেখ কে

চিকিৎসা ব্যয়ের জন্য বৃহস্পতিবার সকালে ৫০০০ টাকা তুলে দেন স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা।

বিগত ২৪ জুলাই মেহেরপুর জেলার সদর উপজেলার চকশ্যাম নগরের ডাবলু শেখ কে পুরন্দপুর গ্রামে তার শশুড় বাড়িতে থাকা অবস্থায় কিছু মানুষ আর্তকিত হামলা চালিয়ে মারাত্বক জখম করে।
মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়া হলে অবস্থার অবনতি দেখা রাজশাহী মেডিকেল কলেজে রেফার্ড করে । বর্তমানে তার অবস্থা মোটামুটি ভালো কিন্তু তার পারিবারিক অবস্থা এতটায় খারাপ যে ঔষধ কিনে খাওয়া তার পক্ষে সম্ভব হচ্ছে না । ডাবলু পেশায় একজন সেলুন র্কর্মী । এমনতো অবস্থায় মেহেরপুর ইউথ এ্যাসেম্বীলি’র যুগ্ম-আহবায়ক নাছরিন বিষয়টি জানতে পারে এবং নিজেদের উদ্দ্যেগে বিভিন্ন শ্রেনী পেশার মানুষের কাছ থেকে টাকা সংগ্রহ করেন।

এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন মেহেরপুর ইউথ এ্যসেম্বীলির উপদেষ্টা সাব্বির ও রকি এবং সংগঠনের আহবায়ক তানভির শাহরিয়ার, যুগ্ম-আহবায়ক নাছরিন সহ স্বাধীন, নাবিল, উজ্জল, শাহিবুল, অনিক, নুসরাত, শ্রাবনী, মিতু ও মিনু ।

আলমডাঙ্গায় র্যাবের অভিযান,২ কেজি গাঁজাসহ আটক-১

আলমডাঙ্গার হারদী গ্রামের ঝিনাইদহ র্যাব-৬ মাদকবিরোধী অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ ব্যবসায়ী আয়েন আলীকে আটক করেছে।

গত মঙ্গলবার বিকালে হারদী বাজারস্থ ডিস মোড়ে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাঁজাসহ তাকে তাকে আটক করে। পরে আলমডাঙ্গা থানায় মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করেছে।

জানাগেছে, কুষ্টিয়া মিরপুর উপজেলার পাগলা গোপিনাথপুর গ্রামের মৃত নবী ছদ্দিনের ছেলে আয়েন আলী (৩৫) দীর্ঘদিন ধরে গাঁজা সেবন ও বিক্রয় করে আসছে। সে বাইরে থেকে গাঁজা ক্রয় করে নিয়ে এসে মিরপুর উপজেলার পাগলা, মালিহাদ, ঝুটিয়াডাঙ্গা, আসাননগর, চকহারদী,

বাজিতপুর ও পার্শবর্তী আলমডাঙ্গা উপজেলার কয়েকটি গ্রামের খুচরা ও পাইকারি বিক্রয় করে আসছিল। গত মঙ্গলবার গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ র্যাব ক্যাম্প-৬“র ডিএডি নজরুল ইসলাম অফিসার ফোর্স নিয়ে হারদী এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় হারদী বাজারস্থ ডিস মোড়ে র্যাবে উপস্থিতি টের পেয়ে আয়েন আলী কৌশলে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে তাকে আটক করে। আটকের পর তার নিকট থাকা ব্যাগ তল্লাশিকালে ২ কেজি গাঁজা উদ্ধার করে। রাতেই আলমডাঙ্গা থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে আয়েন আলীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। এছাড়া তার বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় একটি মাদক মামলা রয়েছে। বুধবার তাকে আদালতে প্রেরন করা হয়েছে।

সাংবাদিক হাসমতকে হত্যার হুমকিদাতাকে চিহ্নিত করে গ্রেফতারের দাবী

দর্শনা প্রেসক্লাবের সদস্য, যায়যায়দিন ও দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার প্রতিনিধি হাসমত আলীকে মুঠো ফোনে অজ্ঞাত সন্ত্রাসীরা হত্যার হুমকি দিয়েছে।

এ ঘটনায় থানায় সাধারণ ডায়েরী করেছেন হাসমত আলী। হুমকিদাতাকে চিহ্নিত করে গ্রেফতারের দাবী তুলে দর্শনা প্রেসক্লাবে অনুষ্ঠিত হয়েছে জরুরী বৈঠক। বুধবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির যৌথ আহ্বানে অনুষ্ঠিত বৈঠকের সভাপতিত্ব করেন ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু।

আলোচনা করেন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সাধারণ সম্পাদক এসএম ওসমান, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসভাপতি জাহিদুল ইসলাম, যুগ্নসম্পাদক নজরুল ইসলাম, সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, সাংবাদিক এফএ আলমীগর, মোস্তাফিজুর রহমান কচি,। সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় অন্যান্যের মধ্যে আলোচনা

করেন, হাসমত আলী, আ. রহমান, সুজন মাহমুদ, আ. হান্নান, ইমতিয়াজ রয়েল, আবিদ হাসান রিফাত, মাসুম ব্লিল্লাহ, সুকমল চন্দ্র দাস বাধন প্রমুখ।।

সাংবাদিক আজিম উদ্দিনের আত্নার মাগফেরাত ও ডালিমের সুস্থতা কামনায় দোয়া মাহফিল

দর্শনা প্রেসক্লাবের সাবেক সহসভাপতি আজিম উদ্দিন আহমেদের আত্নার মাগফেরাত কামনা ও যমুনা টেলিভিশনের চুয়াডাঙ্গা প্রতিনিধি আরিফুল ইসলাম ডালিমের সুস্থতা কামনা করে দর্শনা প্রেসক্লাবে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার রাত ৯ টার দিকে দর্শনা প্রেসক্লাব ভবনে অনুষ্ঠিত দোয়া মাহফিল অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনা করেন, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান কাজল। সংক্ষিপ্ত আলোচনা করেন, ক্লাবের সভাপতি মনির“জ্জামান ধীর, সাধারণ সম্পাদক হার“ন রাজু, সহসভাপতি জাহিদুল ইসলাম, যুগ্নসম্পাদক নজর“ল ইসলাম, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক এসএম ওসমান, প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, চঞ্চল মেহমুদ, সাংবাদিক এফএ আলমীগর, মোস্তাফিজুর রহমান কচি,। সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় অন্যান্যের মধ্যে আলোচনা করেন, হাসমত আলী, আ. রহমান, সুজন মাহমুদ, আ. হান্নান, ইমতিয়াজ রয়েল, আবিদ হাসান রিফাত, মাসুম বিল্লাহ, সুকমল চন্দ্র দাস বাধন প্রমুখ। দোয়া পরিচালনা করেন সাংবাদিক এফএ আলমগীর।

মেহেরপুরে সাংবাদিক ফজলুল হক মন্টুর পিতার ইন্তেকাল

মেহেরপুরে মায়ের মৃত্যুর মাত্র চার দিনের ব্যবধানে মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সভাপতি ফজলুল হক মন্টুর পিতা ইসাহাক মিয়া
(৮২) ইন্তেকাল করেছেন।(ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বুধবার সন্ধ্যার দিকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে তিনি মৃত্যুবরণ করেন। গুরুতর অসুস্থ অবস্থায় সন্ধ্যার দিকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল হাসপাতালে নেওয়ার পর পরই তিনি মৃত্যুবরণ করেন।

উল্লেখ্য গত শুক্রবার ফজলুল হক মন্টুর মাতা শাহানারা বানু মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তিনি এক পুত্র ও এক কন্যা সন্তানসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

মেহেরপুরে নতুন করে ৩৫ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৩

মেহেরপুরে নতুন করে আরও ৩৫ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ৩ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১২ জন, গাংনীতে ১৯ জন, মুজিবনগর ০৪ জন।

বুধবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৩২৬ টি। তারমধ্যে ৩৫ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৪৫১ জন।

তার মধ্যে সদরে ১১৮ জন, গাংনীতে ২৪৭ জন এবং মুজিবনগরে ৮৬ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৬২ জন । মৃতদের মধ্যে সদরে ৭৪ জন, গাংনী ৫৩ জন ও মুজিবনগরে ৩৫ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।